

নম্বর 202.34

নির্বাহী আদেশ

দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, তাই, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুল্লেখ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 27 জুন 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- ব্যবসায়িক পরিচালক এবং ভবনের মালিকরা, এবং তাদের পক্ষ থেকে অনুমোদিত ব্যক্তিগণ, নির্বাহী আদেশ 202.17 এর নির্দেশের সাথে অনুবর্তীতা নিশ্চিত করতে পারেন (কোন ব্যক্তি যার বয়স দুয়ের বেশি এবং একটি মুখের আবরণ সহ্য করতে সক্ষম, তাদের প্রকাশ্য স্থানে একটি মাস্ক বা কাপড়ের মুখের আবরণ দিয়ে নাক এবং মুখ ঢাকতে হবে), যার মধ্যে আছে কোন ব্যক্তি যদি নির্বাহী আদেশ 202.17 এর নির্দেশ মেনে চলতে ব্যর্থ হয় তাকে প্রবেশ করতে না দেওয়া বা যদি তারা এই নির্দেশ মেনে চলতে ব্যর্থ হন, তাদের অপসারিত করতে বাধ্য করা, এবং এই সেই মালিক বা পরিচালক এই নির্দেশ বলবত করার কারণে, শান্তভাবে বিনোদন উপভোগ, বা উদ্দেশ্য বিফল করার জন্য লঙ্ঘনের দাবীর জন্য দায়বদ্ধ হবেন না কেবল সেই নির্দেশ বলবত করার জন্য। এই নির্দেশের কোনো কিছুই নির্বাহী আদেশ 202.17-এর নির্দেশ লঙ্ঘনের জন্য জরিমানা বা অন্যান্য অর্থদণ্ড আরোপ করা থেকে রাজ্য ও স্থানীয় বলবতকরণ কর্তৃপক্ষের অধিকার নিষিদ্ধ বা সীমিত করবে না। এই নির্দেশনাটি আমেরিকা উইথ ডিজেনিটি অ্যাক্ট (American with Disabilities Act) বা নিউ ইয়র্ক স্টেট বা নিউইয়র্ক সিটি হিউম্যান রাইটস আইনের কোন প্রবিধান অথবা আইনের অন্য কোন প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ পদ্ধতিতে প্রয়োগ করা হবে।
- নির্বাহী আদেশ 202.31, যা নির্বাহী আদেশ 202.3, 202.4, 202.5, 202.6, 202.7, 202.8, 202.10, 202.11, 202.13, 202.14 এবং 202.28 এর প্রবিধানগুলি প্রসারিত করে, যার প্রতিটি সরকারি বা বেসরকারি ব্যবসা বা সরকারি বাসস্থানের জায়গা বন্ধ বা অন্যথায় সীমিত করে, এবং নির্বাহী আদেশ 202.32 যা নির্বাহী আদেশ 202.33 দ্বারা পরিবর্তিত, যা দশ জনের বেশি গৌণ জন

সমাবেশের আয়তন স্থগিত, বাতিল, বা সীমিত করে, এবং যা এক সাথে নিউ ইয়র্ক অন পজ গঠন করে, তা এতদ্বারা অব্যাহত থাকবে যতক্ষণ না এবং যদি না তা পরে সংশোধন বা প্রসারিত করা হয় ভবিষ্যতের একটি নির্বাহী আদেশ দ্বারা, কিন্তু তা করা হবে এই শর্তে যে:

- স্বাস্থ্য দপ্তর কর্তৃক নির্ধারিত জনস্বাস্থ্য ও নিরাপত্তার মেট্রিক্স পূরণ করার সাথে সাথেই একটি অঞ্চল পুনরায় খোলার ফেজ ওয়ানের জন্য যোগ্য হবে।
- স্বাস্থ্য দপ্তরের নির্দেশনা অনুযায়ী যেসব ব্যবসা প্রতিষ্ঠান বা সন্নাগুলি খোলা হয়েছে, তাদের স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত নির্দেশনার সাপেক্ষে পরিচালিত হতে হবে।
- 28 মে 2020 তারিখের হিসেবে যে অঞ্চলগুলো ফেজ ওয়ান পুনরায় খোলার জন্য প্রয়োজনীয় নির্ধারিত জনস্বাস্থ্য ও নিরাপত্তার মেট্রিক্স পূরণ করেছে, সেগুলি হল: ফিঙ্গার লেকস, সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহাক ভ্যালি, সাউদার্ন টায়ার, নর্থ কান্ট্রি, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ক্যাপিটাল অঞ্চল, মিড-হাডসন, এবং লং আইল্যান্ড। এই অঞ্চলগুলোর মধ্যে রয়েছে জেনেসি, লিভিংস্টন, মনরো, অন্টারিও, অরলিম্স, সেনেকা, ওয়েইন, ওয়াইওমিং, ইয়েটস, কায়ুগা, কোর্টল্যান্ড, ম্যাডিসন, ওনন্ডাগা, ওসুইগো, ফুলটন, হার্কিমার, মন্টগোমারি, ওনেইডা, ওটসেগো, স্কোহ্যারি, ব্রুম, চেমুং, চেন্যাঙ্গো, ডেলাওয়ের, শুইলার, স্টুবেন, টিওগা, টম্পকিন্স, ক্লিনটন, এসেক্স, ফ্র্যাঙ্কলিন, হ্যামিল্টন, জেফারসন, লুইস, সেন্ট লরেন্স, আলগ্যানি, ক্যাটারুগাস, চাউটাউকুয়া, এরি, ন্যায়াগা, আন্ড্রেনি, কলম্বিয়া, গ্রিন, সারাটোগা, সেনেক্টেডি, রেনসলায়ার, ওয়ারেন, ওয়াশিংটন, ডাচেস, অরেঞ্জ, পুটনাম, রকল্যান্ড, সালিভান, আলস্টার, ওয়েস্টচেস্টার, নাসাউ, এবং সাফোক। কোন অতিরিক্ত অঞ্চল যা এই তারিখের পরে এই মানদণ্ড পূরণ করে সেগুলিকে আরও পুনর্বিবেচনা না করে এই নির্বাহী আদেশের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করা হবে এবং একই শর্তাবলী সাপেক্ষে ফেজ ওয়ান শিল্পগুলি পুনরায় খোলার অনুমতি দেওয়া হবে।

আমার স্বহস্তে এবং স্টেটের সরকারি সিলমোহর সহ

অ্যালবেনি শহরে দুই হাজার বিশ সালের

মে মাসের আঠাশতম দিনে এটি প্রদান

করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব